

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, জুন ৩, ২০২৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
(কাস্টমস ও মূল্য সংযোজন কর)

প্রজ্ঞাপন

তারিখ: ১৯ জ্যৈষ্ঠ, ১৪৩২ বঙ্গাব্দ/ ০২ জুন, ২০২৫ খ্রিষ্টাব্দ

এস.আর.ও. নং ২৬২-আইন/২০২৫/৭০/কাস্টমস।—সরকার, কাস্টমস আইন, ২০২৩ (২০২৩ সনের ৫৭ নং আইন), অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এর ধারা ২৫ এর উপ-ধারা (১) এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, জনস্বার্থে, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, উক্ত আইনের প্রথম তফসিলভুক্ত পণ্যসমূহের মধ্যে নিম্নবর্ণিত TABLE এর কলাম (১) এ উল্লিখিত Heading এবং কলাম (২) এ উল্লিখিত H. S. Code এর অধীন আমদানিকৃত পণ্যের উপর আরোপণীয় প্রথম তফসিলে উল্লিখিত কাস্টমস শুল্ক (Customs Duty), যে পরিমাণে মূল্যভিত্তিক ৫ (পাঁচ) শতাংশের অতিরিক্ত হয়, সেই পরিমাণ এবং সমুদয় রেগুলেটরি ডিউটি হইতে, নিম্নবর্ণিত শর্তসমূহ প্রতিপালন সাপেক্ষে, অব্যাহতি প্রদান করিল, যথা :—

TABLE

Heading	H.S. Code	Description
(1)	(2)	(3)
28.11	2811.29.90	Sulphur Di-Oxide Gas (SO ₂)
28.15	2815.12.00	Reducer Concentrate
28.27	2827.32.00	Poly Aluminium Chloride

(৬০০৯)

মূল্য : টাকা ৮.০০

Heading	H.S. Code	Description
(1)	(2)	(3)
28.43	2843.21.00	Concentrated Silver Active Liquid
29.01	2901.21.00	Ethylene
34.02	3402.90.90	Detergent
	3402.90.90	Sensitizer
	3402.90.90	Palladium Strengthening Solution-
	3402.90.90	Passivator
	3402.90.90	Rear Washing- Surface Cleaner
38.14	3814.00.90	Thinner
38.24	3824.99.99	Polishing Powder
	3824.99.99	Silane Mixture Gas

শর্তাবলি

- (ক) আমদানিকারক প্রতিষ্ঠানকে অবশ্যই Industrial IRC holder VAT compliant গ্লাস উৎপাদনকারী (Manufacturer) হইতে হইবে;

ব্যাখ্যা—

- (অ) “Industrial IRC holder” অর্থ এমন প্রতিষ্ঠান যাহার নিকট আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর হইতে ইস্যুকৃত হালনাগাদ শিল্প ভোক্তা (Industrial Consumer) আইআরসি রহিয়াছে;
- (আ) “VAT compliant” অর্থ মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর অধীনে নিবন্ধিত নিয়মিত দাখিলপত্র (রিটার্ন) দাখিল করে এমন উৎপাদনকারী প্রতিষ্ঠান;
- (খ) এই প্রজ্ঞাপনের আওতায় পণ্য আমদানি ও খালাসের লক্ষ্যে প্রতিষ্ঠানটির হালনাগাদ নবায়নকৃত শিল্প ভোক্তা আইআরসি রহিয়াছে এবং ১৩ ডিজিট সংবলিত মূল্য সংযোজন কর (মুসক) নিবন্ধিত প্রতিষ্ঠানটি বিবেচ্য বিল অব এন্ট্রি দাখিলের অব্যবহিত পূর্ববর্তী মাসের মুসক দাখিলপত্র (রিটার্ন) দাখিল করিয়াছে মর্মে কাস্টমস কম্পিউটার সিস্টেমে বা ভ্যাট অনলাইন সিস্টেমে বা জাতীয় রাজস্ব বোর্ড এর ওয়েবসাইটে বা ভ্যাট কমিশনারেট এর ওয়েবসাইটে ইলেকট্রনিক তথ্য প্রদর্শিত থাকিতে হইবে:

তবে শর্ত থাকে যে, কোনো ধরনের দৈব-দুর্বিপাক বা কোনো যৌক্তিক কারণে ইলেকট্রনিক তথ্য পাওয়া সম্ভব না হইলে সংশ্লিষ্ট যুগ্ম কমিশনার অব কাস্টমস বা তদুর্ধ্ব কর্মকর্তা প্রতি ক্ষেত্রে কারণ লিপিবদ্ধ করিয়া শুল্কায়নের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করিতে পারিবেন;

(গ) গ্লাস উৎপাদনকারী কর্তৃক প্রতি একক গ্লাস উৎপাদনের জন্য সম্ভাব্য বা যৌক্তিক অপচয়সহ কি কি উপকরণ কি পরিমাণে আবশ্যিক (উপকরণ-উৎপাদ সহগ) সে সম্পর্কিত তথ্য “পরিশিষ্ট” অনুযায়ী ২ (দুই) কপি পণ্য আমদানির পূর্বে সংশ্লিষ্ট কমিশনারেট এর কমিশনার বরাবর দাখিল করিতে হইবে এবং কমিশনার উক্ত উপকরণ-উৎপাদ সহগ অনুমোদনপূর্বক প্রতিস্বাক্ষর করিবেন এবং একটি কপি অফিসের রেকর্ড হিসাবে সংরক্ষণ করিবেন এবং অপর কপি প্রতিষ্ঠান কর্তৃপক্ষকে ফেরত দিবেন। “পরিশিষ্ট” এর সত্যায়িত ফটোকপি প্রতিটি পণ্যচালান শুল্কায়নের সময় বিল অব এন্ট্রির সহিত দাখিল করিতে হইবে;

(ঘ) আমদানিকৃত উপকরণ বিক্রয় বা হস্তান্তর করা এবং গ্লাস উৎপাদন ব্যতিরেকে অন্য কোনো কাজে ব্যবহার করা যাইবে না।

২। আমদানি ও শুল্কায়ন সংক্রান্ত অন্যান্য বিষয়সহ শর্ত (ক), (খ), (গ) ও (ঘ) পরিপালন করা হইয়াছে কিনা তাহা সংশ্লিষ্ট শুল্কায়নকারী কর্মকর্তা কর্তৃক যাচাই করিয়া নিশ্চিত হইতে হইবে এবং শুল্কায়ন তত্ত্বাবধানকারী সংশ্লিষ্ট ডেপুটি কমিশনার বা সহকারী কমিশনার পর্যায়ে শুল্কায়ন অনুমোদন করিবেন।

৩। শুল্কায়ন তত্ত্বাবধানকারী সংশ্লিষ্ট ডেপুটি কমিশনার বা সহকারী কমিশনার শুল্কায়নে বিলম্ব পরিহারের লক্ষ্যে কাস্টমস কম্পিউটার সিস্টেমে বা ভ্যাট অনলাইন সিস্টেম বা জাতীয় রাজস্ব বোর্ড এর ওয়েবসাইট বা ভ্যাট কমিশনারেট এর ওয়েবসাইট হইতে মুসক নিবন্ধন সনদের (BIN) সঠিকতা যাচাই করিবেন।

৪। কোনো উৎপাদনকারী এই প্রজ্ঞাপনের শর্ত লঙ্ঘন করিলে এবং উক্ত লঙ্ঘনজনিত কারণে রাজস্ব ক্ষতি হইলে, সেইক্ষেত্রে তাহার বিরুদ্ধে কাস্টমস আইন, ২০২৩ এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর বিধান অনুযায়ী ও প্রযোজ্য ক্ষেত্রে সংশ্লিষ্ট অন্যান্য আইন মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা যাইবে।

৫। এই প্রজ্ঞাপন অবিলম্বে কার্যকর হইবে এবং ইহা ৩০ জুন, ২০২৬ খ্রিষ্টাব্দ তারিখ পর্যন্ত বলবৎ থাকিবে।

পরিশিষ্ট

[শর্ত (গ) দ্রষ্টব্য]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

গ্লাস তৈরির উপকরণ/কাঁচামাল সম্পর্কিত ঘোষণা :

১। প্রতিষ্ঠানের নাম:

২। ঠিকানা:

৩। মূসক নিবন্ধন নম্বর:

ক্রমিক নং	পণ্যের নাম ও H.S. Code	একক	পণ্য উৎপাদনে ব্যবহার্য কাঁচামাল বা উপকরণ এর নাম (H.S. Code সহ)	অপচয়সহ প্রতি একক পণ্য উৎপাদনে প্রয়োজনীয় কাঁচামাল বা উপকরণের প্রতিটির পরিমাণ (কেজি)	অপচয় ব্যতীত প্রতি একক পণ্য উৎপাদনে প্রয়োজনীয় কাঁচামাল বা উপকরণের প্রতিটির পরিমাণ (কেজি)	অপচয়ের শতকরা হার
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)

সংশ্লিষ্ট ভ্যাট কমিশনারের প্রতিস্বাক্ষর

প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা পরিচালক/প্রধান

নির্বাহী কর্মকর্তা/স্বত্বাধিকারীর

নাম, স্বাক্ষর ও তারিখ

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ আবদুর রহমান খান এফসিএমএ

সচিব

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

অর্থ মন্ত্রণালয়

ও

চেয়ারম্যান

জাতীয় রাজস্ব বোর্ড।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,

ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd